# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫১০

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ভুল বশত পানাহার করে, তার জন্য সিয়াম কাযা করা জরুরী নয় মর্মে বর্ণনা

ذكر نفي إِيجَابِ الْقَضَاءِ عَنِ الْآكِلِ وَالشَّارِبِ فِي صَوْمِهِ غَيْرَ ذَاكِرٍ لِمَا يَأْتِي مِنْهُ

---

আরবী

3510 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا عِيسَى بْنُ يُونُسَ حَدَّثَنَا هِشَامٌ عَنْ مُحَمَّدٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ: (إِذَا أَكَلَ الصَّائِمُ نَاسِيًا وَشَرِبَ نَاسِيًا فَلْيُتِمَّ صَوْمَهُ فإنما أطعمه الله وسقاه)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3510 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (4/ 86/938): ق.

বাংলা

৩৫১০. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন সিয়াম পালনকারী ব্যক্তি ভুলবশত কোন কিছু খায় এবং ভুল বশত পান করে, তবে সে যেন সিয়াম পূর্ণ করে। কেননা আল্লাহই তাকে খাইয়েছেন এবং পান করিয়েছেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৪২৫; দারেমী: ২/১৩; সহীহুল বুখারী: ১৯৩৩; সহীহ মুসলিম: ১১৫৫; আবূ দাঊদ: ২৩৯৮; সহীহ ইবনু খুযাইমাহ: ১৯৮৯; দারাকুতনী: ২/১৭৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৩৭২; তিরমিযী: ৭২১; সুনান বাইহাকী: ৪/২২৯; ইবনুল জারুদ: ৩৮৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪/৮৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92844

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন